



তারিখ: ১৩ জুন ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ১৫ হতে ২০ জুন ২০২৫ পর্যন্ত সিঙ্গাপুরে '২০২৫ এশিয়া কাপ ওয়ার্ল্ড র‍্যাংকিং টুর্নামেন্ট, স্টেজ-২' অনুষ্ঠিত হবে। টুর্নামেন্টে ১৪ সদস্য বিশিষ্ট বাংলাদেশ আর্চারী দল অংশগ্রহণ করবে। টুর্নামেন্টে অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ আর্চারী দল আগামীকাল ১৪ জুন ২০২৫, শনিবার সকাল ৮:২৫ মি: ঢাকা থেকে যাত্রা করবে। সিটি গ্রুপের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশ আর্চারী দল উক্ত টুর্নামেন্টে অংশগ্রহণ করতে যাচ্ছে।

১৪ সদস্য বিশিষ্ট বাংলাদেশ আর্চারী দলের নামের তালিকা:

দলীয় কর্মকর্তাবৃন্দ: (১) মার্টিন ফ্রেডরিক-টিম ম্যানেজার, (২) মোহাম্মদ হাসান-প্রশিক্ষক, (৩) রিনা চাকমা-প্রশিক্ষক।

রিকার্ড পুরুষ আর্চার: (৪) আব্দুর রহমান আলিফ, (৫) রামকৃষ্ণ সাহা, (৬) মো: রাকিব মিয়া, (৭) মো: সাগর ইসলাম।

রিকার্ড মহিলা আর্চার: (৮) মোসা: মনিরা আক্তার।

কম্পাউন্ড পুরুষ আর্চার: (৯) হিমু বাছাড়, (১০) নেওয়াজ আহমেদ রাকিব, (১১) মো: সোহেল রানা।

কম্পাউন্ড মহিলা আর্চার: (১২) বন্যা আক্তার, (১৩) পুষ্পিতা জামান ও (১৪) মোসা: কুলসুম আক্তার মনি।

আগামী ১৫ জুন ২০২৫ তারিখে অফিসিয়াল প্র্যাক্টিস, টিম ম্যানেজারস্ মিটিং ও ইকুইপমেন্ট ইসপেকশন করা হবে। ১৬ জুন ২০২৫ তারিখে টুর্নামেন্টের কোয়ালিফিকেশন রাউন্ডের খেলা শুরু হবে।

টুর্নামেন্টের সকল ফলাফল এই লিঙ্কে পাওয়া যাবে: <https://www.ianseo.net/Details.php?toid=23047>

J. Ahmed

তানভীর আহমেদ

সাধারণ সম্পাদক

বাংলাদেশ আর্চারী ফেডারেশন।

ছবি সংযুক্ত



Archery
BANGLADESH